# কারাগারে বিয়ে, আপোষের পর জামিন পেলেন গায়ক নোবেল



গায়ক নোবেল : সংগৃহীত ছবি

ঢাকার ডেমরা থানায় পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে দায়ের করা এক মামলায় জনপ্রিয় গায়ক মাঈনুল আহসান নোবেল এক হাজার টাকার মুচলেকায় জামিন পেয়েছেন। মঙ্গলবার (২৪ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মেহেরা মাহবুব এই জামিন মঞ্জুর করেন।

এর আগে, এক তরুণী নোবেলের বিরুদ্ধে ধর্ষণ ও শারীরিক নির্যাতনের অভিযোগে মামলা দায়ের করেন। মামলায় অভিযোগ করা হয়, দীর্ঘ সময় ধরে তাকে আটকে রেখে শারীরিক নিপীড়ন চালানো হয়েছে। পুলিশের তদন্তে বিষয়টি আমলে নেওয়ার পর, চলতি বছরের ২০ মে নোবেলকে গ্রেপ্তার করে পুলিশ এবং সেদিনই তাকে আদালতের নির্দেশে কারাগারে পাঠানো হয়।

পরবর্তীতে, ১৯ জুন কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগারে উভয়পক্ষের সম্মতিতে গায়ক নোবেল ও মামলার বাদীর বিয়ে সম্পন্ন হয়। কারা কর্তৃপক্ষের উপস্থিতিতে অনুষ্ঠিত এই বিয়েতে দু'পক্ষের স্বজন ও সাক্ষীরা উপস্থিত ছিলেন। বিয়ের সময় দেনমোহর ধার্য হয় ১০ লাখ টাকা।

জামিন শুনানিকালে আদালতে জানানো হয়, দুই পক্ষের মধ্যে সমঝোতা হয়েছে এবং বাদী আর কোনো অভিযোগ চালিয়ে নিতে চান না। বিচারক সরাসরি বাদীর মতামত জানতে চাইলে তিনি আপত্তি না থাকার কথা জানান। এরপর আদালত জামিন মঞ্জুর করেন।

উল্লেখ্য, মাঈনুল আহসান নোবেল ভারতের একটি জনপ্রিয় টেলিভিশন গানের প্রতিযোগিতার মাধ্যমে আলোচনায় আসেন। তার কণ্ঠে বেশ কিছু গান শ্রোতামহলে প্রশংসা পেলেও, বিভিন্ন সময়ে ব্যক্তিগত জীবন নিয়ে তিনি বিতর্কের কেন্দ্রবিন্দুতে থেকেছেন